



Embassy of the People's Republic
of Bangladesh
Athens

তারিখ: ০৮ই ডিসেম্বর ২০২২

বিজ্ঞপ্তি

'ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২' উদযাপনের লক্ষ্যে বাংলাদেশ দূতাবাস, এথেন্স আগামী ১২ই ডিসেম্বর ২০২২ তারিখ, সোমবার দূতাবাস প্রাঙ্গণে (১১৯ ম্যারাথনোড্রমন, পালেও সিহিকো ১৫৪৫২, এথেন্স) নিম্নরূপ কর্মসূচি গ্রহণ করেছে-

'ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২' উদযাপন অনুষ্ঠান

সময়:	বিষয়:
সন্ধ্যা ৫:০০	পবিত্র ধর্ম গ্রন্থ থেকে পাঠ
	'ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২' উপলক্ষ্যে প্রদত্ত বাণী পাঠ
	ভিডিও চিত্র প্রদর্শন
	'ডিজিটাল বাংলাদেশ' শীর্ষক বিশেষ আলোচনা
	রাষ্ট্রদূতের সমাপনী বক্তব্য

দূতাবাস প্রাঙ্গণে আয়োজিতব্য উল্লিখিত অনুষ্ঠানে গ্রিসে বসবাসরত প্রবাসী বাংলাদেশি নাগরিকগণকে অংশগ্রহণের জন্য আন্তরিকভাবে আমন্ত্রণ জানানো হলো।



119, Marathonodromon Street, 154 52 Palaio Psychiko, Athens, Greece

Tel.: +30 210 6720 250, Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd, www.bdembassy.gr



Embassy of the People's Republic
of Bangladesh
Athens

নম্বর: ১৯.০১.৩০০১.১০৩.২৩.৫১৩.২১

তারিখ: ০৮ই ডিসেম্বর ২০২২

বিজ্ঞপ্তি

গ্রিস, আলবেনিয়া ও মাল্টায় বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২' উদ্‌যাপন উপলক্ষ্যে প্রবাসী বাংলাদেশি শিশু-কিশোরদের অংশগ্রহণে এথেন্সস্থ বাংলাদেশ দূতাবাস চিত্রাঙ্কন ও রচনা লিখন প্রতিযোগিতার আয়োজন করছে। প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট তথ্য নিম্নে দেয়া হলো:

প্রতিযোগিতার নাম:	বয়স ও বিভাগ:	প্রতিযোগিতার বিষয়:	বিশেষ নির্দেশনা:
চিত্রাঙ্কন	“ক” বিভাগ অনধিক ১০ বছর	ডিজিটাল বাংলাদেশ	✓ কাগজের সাইজ: সর্বনিম্ন A4 (আর্ট পেপার)
	“খ” বিভাগ ১১ থেকে ১৬ বছর		
রচনা লিখন	“ক” বিভাগ অনধিক ১০ বছর	ডিজিটাল বাংলাদেশ	✓ অনধিক ২০০ শব্দ (স্বহস্তে লিখিত বাংলা অথবা ইংরেজি ভাষায়)
	“খ” বিভাগ ১১ থেকে ১৬ বছর		

প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলী:

- ১) প্রতিযোগীর নাম, পিতার নাম, বয়স ও যোগাযোগের জন্য অভিভাবকের মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- ২) প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের স্বহস্তে লিখিত রচনার স্ক্যান্ড কপি ও নিজ হাতে আঁকা চিত্রকর্মের স্ক্যান্ড কপি আগামী ১২ই ডিসেম্বর ২০২২ তারিখ বেলা ২টার(এথেন্স সময়) মধ্যে mission.athens@mofa.gov.bd - এই ইমেইল ঠিকানায় পাঠাতে হবে অথবা দূতাবাসে মূল কপি জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রেরিত চিত্রকর্ম ও রচনা প্রতিযোগিতার জন্য বিবেচনা করা হবে না।

এমতাবস্থায়, গ্রিস, আলবেনিয়া ও মাল্টায় বসবাসরত বসবাসরত প্রবাসী বাংলাদেশি শিশু-কিশোরদের উল্লিখিত চিত্রাঙ্কন ও রচনা লিখন প্রতিযোগিতায় (বিশেষ নির্দেশনা অনুসরণপূর্বক) অংশগ্রহণ করার জন্য আহ্বান জানানো হলো এবং সেই সাথে 'ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২' উপলক্ষ্যে আগামী ১২ই ডিসেম্বর ২০২২ তারিখ সন্ধ্যা ৫:০০ ঘটিকায় দূতাবাস প্রাঙ্গণে(ঠিকানা-১১৯ ম্যারাথনোড্রমন, পালেও সিহিকো ১৫৪৫২, এথেন্স) অনুষ্ঠিতব্য কর্মসূচিতে অংশগ্রহণের আমন্ত্রণ জানানো হলো।



দূতাবাস প্রধান

119, Marathonodromon Street, 154 52 Palaio Psychiko, Athens, Greece

Tel.: +30 210 6720 250, Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd, www.bdembassy.gr